

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.২৮.০০৫.১৮.১৩২

তারিখ: ২৬ আষাঢ়, ১৪২৫

১০ জুলাই ২০১৮

বিষয়: নেত্রকোণা জেলার পালগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান) জনাব মো:
শফিকুর রহমান এর এম.পি.ও সহ বকেয়া প্রদানের আবেদন সংক্রান্ত।
সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডি. ও আবেদনপত্র, তারিখ: ১০ মে ২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, জনাব মো: শফিকুর রহমান, সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান) পালগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোণা হতে প্রাপ্ত পত্রের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। তিনি আবেদনে উল্লেখ করেছেন যে, কর্তৃপক্ষ বিনা কারণে বিগত সেপ্টেম্বর/২০১৩ তারিখে বেতন ভাতাদি বন্ধ করে দেয়। অতঃপর তিনি বেতন বন্ধের বৈধতা চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১১৭৮৯/১৩ নং রিট পিটিশন দাখিল করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ গত ১৪.০৯.২০১৫ তারিখের আদেশে তার এম.পি.ও চালুসহ বকেয়া বেতন ভাতা ৩০ দিনের মধ্যে পরিশোধের নির্দেশনা প্রদান করেন।

২.০ কর্তৃপক্ষ উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রিমকোর্টের আপিল বিভাগে ১২৮১/১৬ দায়ের করা হয়। পরবর্তীতে আপীল খারিজ হয়ে যায় এবং মামলার রায় বহাল থাকে। এরপর আবেদনকারি এম.পি.ও চালুসহ বকেয়া বেতন ভাতা প্রদানের জন্য আবেদন জানালে এ বিভাগের ০৩.১০.২০১৭ তারিখের পত্রে মহামান্য হাইকোর্ট বিভাগের রায় বাস্তবায়নের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কে বলা হয়। কিন্তু অধিদপ্তর উক্ত আদেশ বাস্তবায়ন না করায় আবেদনকারি পুনরায় সেপ্টেম্বর/২০১৩ হতে জুন/২০১৮ পর্যন্ত ৫৭ মাস ও ১০ টি উৎসব ভাতাসহ এম.পি.ও প্রদানের জন্য অনুরোধ জানিয়েছেন।

৩.০ এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ০৩.১০.২০১৭ তারিখের পত্র অনুযায়ী মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১১৭৮৯/১৩ এর রায় বাস্তবায়ন করে গৃহীত ব্যবস্থা এ বিভাগকে অবহিত করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১০-৭-২০১৮

বেগম নুসরাত জাবীন বানু

যুগ্মসচিব

ফোন: ৯৫৪০৫১৭

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন,
ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.২৮.০০৫.১৮.১৩২/১(৩)

তারিখ: ২৬ আষাঢ়, ১৪২৫

১০ জুলাই ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) জনাব মো: শফিকুর রহমান, সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান), পালগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোণা।



১০-৭-২০১৮

বেগম নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব